



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ই-মেইল: info@bscic.gov.bd. ওয়েবসাইট: www.bscic.gov.bd



স্মারক নং-৩৬.০২.০০০০.০৩২.০৫.০০৬.২১/১০৫৩(৭৮)

তারিখ : ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১


বিষয় : **বিসিক নিজস্ব তহবিল (বিনিত) ঋণ কর্মসূচি'র ২০২১-২০২২ অর্থবছরের ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিসিক নিজস্ব তহবিল (বিনিত) ঋণ কর্মসূচি'র ২০২১-২০২২ অর্থবছরে বিসিক জেলা কার্যালয়ের বিগত অর্থবছরের আদায়কৃত অব্যয়িত অর্থ এবং আদায়কৃত সুদের ৮০% টাকা ঋণ তহবিল হিসেবে ব্যবহার করতে হবে।

০২। সে প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থবছরে (জুলাই'২০২১ হতে জুন'২০২২ পর্যন্ত) ২৬.০০ (ছাব্বিশ) কোটি টাকা প্রতিটি জেলা কার্যালয়ের বিগত অর্থবছরে আদায়কৃত অব্যয়িত ঋণ তহবিল, বিতরণকৃত ঋণের আদায়কৃত টাকা, আদায়কৃত সুদের ৮০% টাকা এবং প্রধান কার্যালয় হতে বরাদ্দকৃত মূল ঋণ তহবিল একীভূত করে ঋণ বিতরণের নিমিত্ত বিসিক ট্রেনিং ইন্সটিটিউট ও ৬১টি বিসিক জেলা কার্যালয়ের বার্ষিক লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে ঋণ বিতরণের নিমিত্ত বিসিক ট্রেনিং ইন্সটিটিউট ও ৬১টি জেলা কার্যালয়ের বার্ষিক লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো :

ক্রঃ নং	কার্যালয়ের ধরণ	২০২১-২২ অর্থবছরে আবর্তক তহবিলের বার্ষিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়)	২০২১-২২ অর্থবছরে গ্রেডভিত্তিক প্রতিটি জেলা কার্যালয়ের প্রস্তাবিত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়)		বার্ষিক লক্ষ্যমাত্রা (২০২১-২২)
			মূল তহবিল		
			প্রধান কার্যালয় হতে প্রেরণযোগ্য তহবিল	মোট তহবিল (৩+৪)	
১	২	৩	৪	৫	৬
০১.	বিসিক ট্রেনিং ইন্সটিটিউট	-	৫০.০০	৫০.০০	৫০.০০
০২.	'এ' গ্রেড জেলা কার্যালয় ১৬টি	৫০.৫০ × ১৬ = ৮০৮.০০	১৫.০০ × ১৬ = ২৪০.০০	১০৪৮.০০	১০৪৮.০০
০৩.	'বি' গ্রেড জেলা কার্যালয় ১৭টি	২৫.০০ × ১৭ = ৪২৫.০০	১০.০০ × ১৭ = ১৭০.০০	৫৯৫.০০	৫৯৫.০০
০৪.	'সি' গ্রেড জেলা কার্যালয় ২৮টি	১৫.০০ × ২৮ = ৪২০.০০	৬.০০ × ২৮ = ১৬৮.০০	৫৮৮.০০	৫৮৮.০০

০৩। এমতাবস্থায়, বিসিক নিজস্ব তহবিল (বিনিত) ঋণ কর্মসূচির ঋণ নিয়মাচার ও পরিচালন ম্যানুয়াল যথাযথ অনুসরণপূর্বক করোনার প্রাদুর্ভাবজনিত ক্ষয়ক্ষতি পূরণের লক্ষ্যে বিসিক ট্রেনিং ইন্সটিটিউট ও বিসিক জেলা কার্যালয়কে ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিনিত ঋণের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিফলিত হবে।


(জি, এম, রস্কানী তালুকদার)
নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)
বিসিক, ঢাকা

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কার্যালয়, বিসিক
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

- ০১। পরিচালক (সকল), বিসিক, ঢাকা
- ০২। অধ্যক্ষ, বিসিক ট্রেনিং ইন্সটিটিউট (সাবেক স্কিটি), উত্তরা
- ০৩। মহাব্যবস্থাপক, এমআইএস, বিসিক, ঢাকা
- ০৪। জেলা কার্যালয় প্রধান, বিসিক, ...
- ০৫। আই সি টি সেল প্রধান, বিসিক, ঢাকা -বিসিকের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো
- ০৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা
- ০৭। অফিস কপি